**Professor Dr. M. Enamullah**
**Vice-Chancellor**
Hajee Mohammad Danesh Science and Technology University (HSTU)
Dinajpur-5200, Bangladesh

**অধ্যাপক ড. মো. এনামউল্যা**
**ভাইস-চ্যান্সেলর**
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি)
দিনাজপুর-৫২০০, বাংলাদেশ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি পদে বিএনপি মনোনীত প্রার্থী জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর -কে মনোনয়ন প্রদান করায়**

**<u>অভিনন্দন বার্তা</u>**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি পদে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মনোনীত প্রার্থী, বর্ষীয়ান রাজনীতিবিদ, দীর্ঘদিনের মহাসচিব জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর মহোদয়কে প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়ায় বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারম্যান ও মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি এবং জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর মহোদয়কে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এবং আমার ব্যক্তিগত পক্ষ থেকে জানাই আন্তরিক অভিনন্দন ও উষ্ণ শুভেচ্ছা।

জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর তাঁর দীর্ঘ রাজনৈতিক জীবনে গণতন্ত্র, আইনের শাসন, মানবিক মর্যাদা, জনগণের অধিকার ও দেশের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। একজন অভিজ্ঞ, সজ্জন, প্রাজ্ঞ ও দূরদৃষ্টিসম্পন্ন রাজনীতিবিদ হিসেবে তিনি দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাজনৈতিক ও জাতীয় সংকটের সময়ে দায়িত্বশীল ভূমিকা পালন করেছেন। তাঁর রাজনৈতিক অভিজ্ঞতা, প্রজ্ঞা, সাংগঠনিক দক্ষতা ও নেতৃত্বগুণ তাঁকে দেশের রাজনৈতিক অঙ্গনে একটি স্বতন্ত্র অবস্থানে প্রতিষ্ঠিত করেছে।

**'রাষ্ট্রপতি'** বাংলাদেশের রাষ্ট্রব্যবস্থার অন্যতম সর্বোচ্চ সাংবিধানিক পদ। এই মহান দায়িত্ব পালনের সুযোগ পেলে জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংবিধান ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের মর্যাদা সমুন্নত রাখা, জাতীয় ঐক্য সুদৃঢ় করা এবং গণতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিক অগ্রযাত্রাকে আরও সুসংহত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন- এটাই আমাদের প্রত্যাশা।

আমরা বিশ্বাস করি, তাঁর দীর্ঘ রাজনৈতিক ও প্রশাসনিক অভিজ্ঞতা, প্রজ্ঞা এবং দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্ব রাষ্ট্রের স্বাধীনতা, সার্বভৌমত্ব, গণতান্ত্রিক মূল্যবোধ ও জাতীয় সংহতি আরও সুদৃঢ় করতে সহায়ক হবে। একই সঙ্গে তাঁর শিক্ষকতা ও শিক্ষা-সংশ্লিষ্ট অভিজ্ঞতা দেশের উচ্চশিক্ষা, গবেষণা, উদ্ভাবন, মানবসম্পদ উন্নয়ন এবং জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণে ইতিবাচক ভূমিকা রাখবে- এমন প্রত্যাশা আমরা ব্যক্ত করি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি পদে তাঁর মনোনয়ন এবং প্রার্থিতা দেশের গণতান্ত্রিক ও সাংবিধানিক ধারাকে আরও শক্তিশালী করবে। আমরা জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর সুস্বাস্থ্য, সর্বাঙ্গীণ সাফল্য ও কল্যাণ কামনা করছি।

মহান আল্লাহ তাঁকে দেশ ও জাতির বৃহত্তর কল্যাণে দায়িত্ব পালনের শক্তি, সামর্থ্য ও প্রজ্ঞা দান করুন- এই আমাদের আন্তরিক প্রার্থনা।

মহান আল্লাহ আমাদের সহায় হোন।

Enamullah
16.8.2026

প্রফেসর ড. মো. এনামউল্যা
ভাইস-চ্যান্সেলর
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দিনাজপুর।

E-mail: vice-chancellor@office.hstu.ac.bd, enamullah@juniv.edu, JU Profile: www.juniv.edu/teachers/enamullah, web: www.hstu.ac.bd

CS Scanned with CamScanner